

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৩২.০০৪.১৮.৪০৯

তারিখ: ২২ আশ্বিন ১৪২৫

০৭ অক্টোবর ২০১৮

বিষয়: ময়মনসিংহ জেলায় ভালুকা উপজেলাধীন হালিমুন্নেছা চৌধুরাণী মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয়ের এসএসসি ভোকেশনাল শাখার এম.পি.ও. ভুক্তির সরকারি আদেশের কপি সরবরাহ প্রসঙ্গে।
সূত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.১১.০০৩.১৭-৭৪৮, তারিখ: ২৮.০৮.২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুত্রোক্ত স্মারকে ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলাধীন হালিমুন্নেছা চৌধুরাণী মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয়ের এস.এস.সি (ভোকেশনাল) শাখার এম.পি.ও. ভুক্তির সরকারি আদেশের কপি (জিও) সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়েছে। প্রতিষ্ঠানটি ২০০২ সালে হালিমুন্নেছা চৌধুরাণী মেমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয় হিসেবে এম.পি.ও. ভুক্ত করা হয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ভোকেশনাল শাখার শিক্ষকদের বেতন ভাতা প্রদান করা হয়।

২.০ এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের জিওতে এস.এস.সি ভোকেশনাল শাখা উল্লেখ না থাকা স্বত্তেও বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণ কিভাবে এম.পি.ও. ভুক্ত হয়েছেন সে বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



৭-১০-২০১৮

মোঃ কামরুল হাসান
উপসচিব

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন,
ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.৩২.০০৪.১৮.৪০৯/১(৩)

তারিখ: ২২ আশ্বিন ১৪২৫

০৭ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।



৭-১০-২০১৮

মোঃ কামরুল হাসান
উপসচিব